দৈনিক ইনকিলাব

AUG. 3 1 1999

তারিখ ... AUG. 3 1 1999 ..
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

12

নিষেধাজ্ঞা লংঘন করে মিছিল

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে হলের সিট নিয়ে বিরোধ পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠেছে

ইঃ বিঃ রিপোর্টার ।। ইসলামী বিশ্ববিদ্যালয়ে নিষেধাজ্ঞা লংঘন করে ছাত্র সংগঠনগুলোর মিছিল-সমাবেশ অব্যাহতভাবে চালিয়ে যাওয়ার ফলে ক্যাম্পাস পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত হয়ে উঠছে। ছাত্রলীগ, জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্র শিবিরসহ বিভিন্ন সংগঠন নানা ইস্যুকে কেন্দ্র করে পরস্পরবিরোধী আক্রমণাত্মক শ্লোগান এবং বক্তব্য দেয়ায় পরিস্থিতির অবনতি ঘটছে। বৃদ্ধি পাচ্ছে উত্তেজনা। এদিকে জিয়াউর রহমান হলের ৩০২ নং রুমের একটি সিটকে কেন্দ্র করে ছাত্রদল ও শিবিরের মধ্যে উত্তেজনা এখন তুঙ্গে। ছাত্র শিবির উক্ত রুমের ছাত্রদলের একটি সিট দখল করেছে এই অভিযোগ এনে ছাত্রদল কর্মীরা জিয়া হল থেকে একযোগে বেরিয়ে এসেছে। অপরদিকে ছাত্র শিবির বলেছে, উক্ত রুমে ২টি সিট শিবির কর্মীদের নামে বরাদ্দ দেয়ায় তারা রুমে উঠেছে এবং ছাত্র অনাবাসিক ছাত্ররা হলে অবস্থান করছে। বিষয়টি নিয়ে ট্রেজারার প্রফেসর মাহতাব উদ্দিন সরকার ছাত্রদল ও ছাত্র শিবিরের সাথে বৈঠক করলে সমঝোতা প্রতিষ্ঠা না হওয়ায় সমস্যার সুরাহা হয়নি। ট্রেজারার বলেন, একটি চক্র বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ নস্যাৎ করার পাঁয়তারা চালাচ্ছে। সিট সমস্যাকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্র শিবির ক্যাম্পাসে পরস্পরবিরোধী উত্তেজনাকর শ্লোগান দেয়ায় সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।